

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 08 April, 2025

মঙ্গলবার (৮ এপ্রিল) সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রবাসী ভোটারদের ভোটদান পদ্ধতি নির্ধারণ নিয়ে কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিয়ে এমন মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, আগামী নির্বাচনে প্রবাসীদের ভোট দান নিশ্চিত করতে জাতির কাছে প্রতিশ্রুতিবদ্ধ নির্বাচন কমিশন। বিস্তৃত পরিসরে সম্ভব না হলেও পাইলট আকারে এ কাজ করতে চায় কমিশন।

প্রধান নির্বাচন কমিশনার বলেন, অনেক পর্যালোচনার পর নির্বাচন কমিশন তিনটি পদ্ধতি নিয়ে কাজ করছে। পোস্টাল ভোটিং, যেটি এখন বিদ্যমান। অনলাইন ভোটিং এবং প্রক্সি ভোটিং নিয়েও ইসি কাজ করছে।

সিইসি আরও বলেন, অন্তর্বর্তী সরকারের মতো নির্বাচন কমিশনও আগামী নির্বাচনে প্রবাসী বাংলাদেশিদের ভোট দেয়ার ব্যবস্থা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

সামাজিক ও রাজনৈতিক বাস্তবতা, ভোটারদের শিক্ষাগত যোগ্যতা এবং প্রবাসীদের বাস্তবতা বিবেচনায় কমিশন সিদ্ধান্ত নিয়েছে বলেও জানান তিনি।

আগারগাঁও নির্বাচন কমিশন সিইসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 20:48

URL: <https://timestodaybd.com/bangladesh/700905475>